

কলেজ পর্যায়ে অনার্স অনুমোদনের মান যাচাইয়ের পরামর্শ

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, বৃহস্পতিবার, ২৪ অক্টোবর ২০১৯

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বিভিন্ন কলেজে অনার্স কোর্স চালুর অনুমোদনের ক্ষেত্রে শিক্ষক ও পাঠদানের মানসহ অন্যসব প্রয়োজনীয় বিষয় যাচাই করার পরামর্শ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল কমিটির ৬ষ্ঠ বৈঠকে এ পরামর্শ দেয়া হয়।

কমিটির সভাপতি মো. আফছারুল আমীনের সভাপতিত্বে কমিটির সদস্য শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, মো. আবদুল কুদ্দুস, একেএম শাহাজাহান কামাল, ফজলে হোসেন বাদশা, মো. আবদুস সোবহান মিয়া এবং গোলাম কিবরিয়া টিপি বৈঠকে অংশগ্রহণ করেন। শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, বিভিন্ন দফতরের প্রধানসহ মন্ত্রণালয় ও সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।

বৈঠকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন বিষয়ে, শিক্ষার গুণগত মান এবং সহস্রাব্দ উন্নয়ন

লক্ষ্যমাত্রা-৪ (এসআইজ-৪) অর্জনের জন্য পরিকল্পনা গ্রহণ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। বৈঠকে জানানো হয়, দেশের সব উপজেলায় টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপনের লক্ষ্যে ১ম পর্যায়ে ১০০টি উপজেলায় টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে। দ্বিতীয় পর্যায়ে আরও ৩২৯টি উপজেলায় টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপনের জন্য প্রকল্প প্রণয়নের কার্যক্রম চলছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বৈঠকে শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন কর্মসূচি তুলে ধরা হয়।